

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ এর সভার কার্যবিবরণী

সভাপতি : এডভোকেট দিপু রঞ্জন দাশ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।
 সভার তারিখ : ২০/০৪/২০২২ খ্রিঃ
 সভার স্থান : ভাইস চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়, শাল্লা, সুনামগঞ্জ।
 সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণ

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব এডভোকেট দিপু রঞ্জন দাশ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ	সভাপতি	স্বাক্ষরিত	
০২	জনাব বিশ্বজিৎ চৌধুরী নাটু চেয়ারম্যান, ৩নং বাহাড়া ইউপি, শাল্লা, সুনামগঞ্জ	সদস্য	স্বাক্ষরিত	
০৩	জনাব মোঃ ছাত্তার মিয়া চেয়ারম্যান ৪নং শাল্লা ইউপি, শাল্লা, সুনামগঞ্জ	সদস্য	স্বাক্ষরিত	
০৪	জনাব মোহাম্মদ পেয়ার আহমেদ উপজেলা যুব উন্নয়ন অফিসার, শাল্লা, সুনামগঞ্জ	সদস্য	স্বাক্ষরিত	
০৫	জনাব মাজেদুর রহমান উপজেলা কৃষি অফিসার, শাল্লা, সুনামগঞ্জ	সদস্য সচিব	স্বাক্ষরিত	

সভার শুরুতে ভাইস চেয়ারম্যান ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি, শাল্লা, সুনামগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি, শাল্লা, সুনামগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং অনুমোদনের প্রস্তাব রাখেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	অত্র উপজেলায় বোরো আবাদের লক্ষ্যমাত্রা ২১৭৬৫ হেঃ জমি। হাওড় ও হাওড় বর্হিভূত বোরো ধানের কর্তন চলমান। শীতকালীন শাকসবজির কর্তন চলমান। মাঠের বর্তমান পরিস্থিতি পর্যবেক্ষন করে জানা যায় যে, হাওড়ে বোরো ধান কর্তন ৮০% সম্পন্ন হয়েছে।	কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর শাল্লা, সুনামগঞ্জ
০২	জনাব মোঃ ছাত্তার মিয়া চেয়ারম্যান, ৪নং শাল্লা ইউপি মহোদয় জানান যে, শাল্লা উপজেলার কৃষকগণের রবি মৌসুমে সবজি ও বোরো ধান উৎপাদনকালীন সময়ে সেচের অভাব পরিলক্ষিত হয়। আবাদ বৃদ্ধির জন্য পাকা ড্রেন সহ পাওয়ার পাম্প স্থাপন করা প্রয়োজন।	আলোচনাতে সভায় প্রয়োজনীয় বরাদ্দ সাপেক্ষে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর শাল্লা, সুনামগঞ্জ
০৩	জনাব, মোঃ মাজেদুর রহমান উপজেলা কৃষি অফিসার শাল্লা, সুনামগঞ্জ মহোদয় জানান যে, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ১৩টি কনাইন হারভেস্টার, পাওয়ার শ্রেসার ০২টি ও ০৪টি রিপার বিতরণ করা হয়েছে। যন্ত্রসমূহ বোরো ধান কর্তনে মাঠে চলমান রয়েছে।	কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর শাল্লা, সুনামগঞ্জ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এডভোকেট দিপু রশ্মন দাশ)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি

শাল্লা, সুনামগঞ্জ

স্মারক নং- ২৯১

তারিখঃ ২০/০৪/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।
- ০১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, সুনামগঞ্জ।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি, শাল্লা, সুনামগঞ্জ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।
- ০৫। উপজেলা..... অফিসার ও সদস্য উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি, শাল্লা, সুনামগঞ্জ।
- ০৬। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ ও সদস্য উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি, শাল্লা, সুনামগঞ্জ।
- ০৭। অফিস নথি।



(মোঃ মাজেদুর রহমান)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি

শাল্লা, সুনামগঞ্জ